
দৈনিক বাংলা

13 NOV 1988
তারিখ ... পৃষ্ঠা 1 কলাম 8

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

082

৪০



# লুতফুল হায়দার চৌধুরীর ইন্তেকাল

॥ স্টাফ রিপোর্টার ॥

বিশিষ্ট শিক্ষাবিদ এবং জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ডের চেয়ারম্যান প্রফেসর লুতফুল হায়দার চৌধুরী গত শুক্রবার রাতে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে তার

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## লুৎফুল হায়দার

(প্রথম পৃঃ পর)

বাসভবনে ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহে ....... রাজেউন)। তার বয়স হয়েছিল ৫৫ বছর।

তিনি স্ত্রী, দুই পুত্রসহ বহু আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন। গতকাল বায়তুল মোকাররম মসজিদে নামাজে জানাজার পর তাকে বনানী কবরস্থানে দাফন করা হয়। মরহুমের কুলখানি আগামী মঙ্গলবার বাদ আসর ৬৮/১ আমানত শাহ রোডস্থ (পশ্চিম রাজাবাজার, ঢাকা) তার বাসভবনে অনুষ্ঠিত হবে।

প্রফেসর লুতফুল হায়দার চৌধুরীর মৃত্যু সংবাদ পেয়ে শিক্ষাব্রতী ও বুদ্ধিজীবিগণ মরহুমের বসভবনে যান এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারকে সমবেদনা জানান।

মরহুম লুতফুল হায়দার চৌধুরীর জ্যেষ্ঠ ভ্রাতা প্রফেসর মোফাজ্জল হায়দার চৌধুরী মুক্তিযুদ্ধের সময় শহীদ হন। তার আরেক ভাই মরহুম এহতেশাম হায়দার চৌধুরী ছিলেন বিশিষ্ট সাংবাদিক।

দৈনিক সংবাদে মরহুম লুতফুল হায়দার চৌধুরী তার কর্মজীবন শুরু করেন। পরে তিনি শিক্ষা বিভাগে যোগ দেন। চট্টগ্রাম কলেজ, রাজশাহী কলেজ, বরিশাল বিএম কলেজসহ আরও কয়েকটি কলেজে তিনি অধ্যক্ষের দায়িত্ব পালন করেন।

মরহুম লুতফুল হায়দার চৌধুরী স্মরণে নজরুল শিক্ষালয়ের উদ্যোগে আজ রোববার শোকসভা অনুষ্ঠিত হবে।

প্রফেসর লুতফুল হায়দার চৌধুরীর মৃত্যুতে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছে নজরুল শিক্ষালয়, বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতি ও আরও কয়েকটি সংগঠন।

### সেচমন্ত্রীর শোক

শিক্ষা এবং সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণমন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বাংলাদেশ জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ডের চেয়ারম্যান প্রফেসর লুতফুল হায়দার চৌধুরীর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। খবর তথ্য বিবরণীর।